সক্ষমতা বৃদ্ধির জন্য প্রতিবছরের বার্ষিক কর্ম-পরিকল্পনায় উদ্ভাবন ও সেবা পদ্ধতির সহজিকরণের জন্য একদিনের কর্মশালা আয়োজন; উদ্ভাবন সক্ষমতা বৃদ্ধি এবং সেবা সহজিকরণের সক্ষমতা বৃদ্ধির জন্য দুই দিনের প্রশিক্ষণের আয়োজনের লক্ষ্য নির্ধারণ করা হয়। আইএমইডি'র ২০২০-২০২১ অর্থবছরের উদ্ভাবন কর্মপরিকল্পনা এর ব্যতিক্রম নয়।

২.২. উদ্ভাবন সক্ষমতা বৃদ্ধি ২০২০-২০২১

উদ্ভাবনের সক্ষমতা বৃদ্ধির জন্য দুই দিনের ৩ (তিন)টি প্রশিক্ষণ কর্মশালার আয়োজন করা হয়। ০৫-০৬ অক্টোবর ২০২০, ১২-১৩ অক্টোবর ২০২০ এবং ১৯-২০ অক্টোবর ২০২০ তারিখে অনুষ্ঠিত প্রতিটি কর্মশালায় ২০ (বিশ) জন করে মোট ৬০ জন কর্মকর্তা অংশগ্রহণ করেন। অনুষ্ঠিত উদ্ভাবন কর্মশালার মাধ্যমে ২০২০-২০২১ অর্থবছরে ১৩ (তের)টি উদ্ভাবনের ধারণা পাওয়া যায়। ধারণাগুলো নিম্নরূপ:

১. Citizen Centric Procurement Information

২. জাতীয় সংসদে আইএমইডি'র তথ্য প্রেরণ

৩. কাস্টমাইজড সফটওয়্যার প্রণয়নের মাধ্যমে সমন্বিত তথ্য ব্যবস্থা প্রবর্তন

৪. PMIS এর মাধ্যমে IMED'র কার্যক্রম সহজিকরণ

৫. Monthly ADP Implementation Report

৬. Details Procurement Information in PCR (Project Completion Report) Section-8.1

৭. আইএমইডি'র পরিদর্শন প্রতিবেদনের পর্যবেক্ষণের ও সুপারিশের ফিডব্যাক প্রদান

৮. PCR Evaluation Digitizing and Improvement Project

৯. ADP Progress Analysis

১০. স্বচ্ছতা ও জবাবদিহিতার জন্য সভার ধারাবাহিক তথ্য সন্নিবেশকরণ

১১. Modification of Existing PCR

১২. Firm selection for In-depth Monitoring & Impact Evaluation

১৩. বৈশ্বিক মহামারি কোভিড-১৯ এর সংক্রমণ মোকাবেলায় কার্যালয়ে স্বাস্থ্য বিধি মেনে চলার জন্য সচেতনতা বৃদ্ধি

প্রাপ্ত উদ্ভাবনের ধারণাগুলো শিরোনামে উল্লেখ করা হলো এবং বিস্তারিত পরিশিষ্ট-'গ' তে সংযুক্ত করা হয়েছে।

২.৩. সেবা সহজিকরণের সক্ষমতা বৃদ্ধি ২০২০-২০২১

সেবা সহজিকরণের সক্ষমতা বৃদ্ধির লক্ষ্যে ২০২০-২০২১ অর্থবছরের উদ্ভাবনের সক্ষমতা বৃদ্ধির লক্ষ্যে দুই দিনের ২ (দুই) টি প্রশিক্ষণের লক্ষ্যমাত্রা নির্ধারণ করা হয়। লক্ষ্যমাত্রা অনুযায়ী ৩১ মার্চ ও ১ এপ্রিল'২১ এবং ০৫ ও ০৬ এপ্রিল'২১ তারিখে প্রশিক্ষণের জন্য অফিস আদেশ জারি করা হয়। প্রতিটি কোর্সে ২০ জন করে মোট ৪০ জন কর্মকর্তাকে প্রশিক্ষণ প্রদানের এই উদ্যোগটির প্রথম ব্যাচ স্বাস্থ্যবিধি মেনে আইএমইডি'র সম্মেলন কক্ষে সফলভাবে অনুষ্ঠিত হলেও শেষ প্রশিক্ষণটি কোভিড-১৯ পরিস্থিতির অবনতির প্রেক্ষাপটে অনুষ্ঠিত হতে পারেনি। পরবর্তীতে

০৮ ও ০৯ মে ২০২১ তারিখে ভার্চুয়াল Zoom Platform-এ দুই দিনব্যাপী প্রশিক্ষণটি অনুষ্ঠিত হয়। কর্মশালাটি অংশগ্রহণকারীদের জন্য ছিল একটি নতুন অভিজ্ঞতা। প্রশিক্ষণার্থীগণ পদ্মা, মেঘনা, যমুনা এবং কর্ণফুলী এই চারটি গ্রুপে বিভক্ত হয়ে Breakout Room-এ তাদের দলগত কাজগুলো সম্পাদন করেন। নির্ধারিত সময়ের দলীয় কাজ শেষে সকলে আবার মূল মিটিং-এ সংযুক্ত হয়েছেন। দলীয় কাজ চলাকালীন কর্মশালার রিসোর্স পার্সন সকল গ্রুপের সাথে তাদের Breakout Room-এ উপস্থিত হয়ে দিকনির্দেশনা দেন। ভার্চুয়াল Zoom Platform-এ অনুষ্ঠিত দিনব্যাপী দুইদিনের প্রশিক্ষণ কর্মশালার উদ্বোধন করেন আইএমই বিভাগের সচিব জনাব প্রদীপ রঞ্জন চক্রবর্তী। চিফ ইনোভেশন অফিসার অতিরিক্ত সচিব (প্রশাসন) জনাব ড. গাজী মোঃ সাইফুজ্জামান-এঁর সার্বিক তত্ত্বাবধানে সাফল্যের সাথে প্রশিক্ষণ কর্মশালাটি অনুষ্ঠিত হয়। প্রাপ্ত সহজিকরণের ধারণাগুলো উল্লেখ করা হলো:

১. প্রকল্পের মেয়াদবৃদ্ধির আবেদন নিষ্পত্তিকরণ;

২. ই-জিপিতে নিবন্ধিত দরপত্রদাতার বিদ্যমান তথ্য হালনাগাদকরণ/সংশোধন;

৩. এডিপিভুক্ত চলমান প্রকল্পের (নির্মাণধর্মী) পরিবীক্ষণ;

৪. আইএমইডি'র জনবল নিয়োগের আবেদন প্রক্রিয়া সহজিকরণ;

৫. সিপিটিইউ হতে দরপত্র সংক্রান্ত তথ্য প্রাপ্তি;

৬. আইএমইডি'র স্টোর সেবা;

৭. চলমান প্রকল্প পরিবীক্ষণ;

৮. চলমান প্রকল্পের মেয়াদ বৃদ্ধির প্রক্রিয়া সহজিকরণ।

বিস্তারিত ধারণাগুলো পরিশিষ্ট-'ঘ' এ সংযুক্ত রয়েছে।

অধ্যায় ৩

বাস্তবায়িত ডিজিটাল সেবা ও উদ্ভাবনী ধারণা

৩.১. বাস্তবায়িত উদ্ভাবনী ধারণা

বার্ষিক উদ্ভাবন কর্মপরিকল্পনায় ন্যূনতম একটি উদ্ভাবনী উদ্যোগ, একটি ডিজিটাল সেবা ও একটি সেবা পদ্ধতি সহজিকরণ প্রক্রিয়া বাস্তবায়নের বিষয়টি উল্লেখ আছে। আইএমই বিভাগের আওতাধীন অধিদপ্তর, দপ্তর, সংস্থা না থাকায় আঞ্চলিক পর্যায়ে বা মাঠ পর্যায়ে এই ধরনের লক্ষ্যমাত্রা বাস্তবায়নের সুযোগ নেই। ২০২০-২০২১ অর্থবছরে বাস্তবায়িত সেবা পদ্ধতি সহজিকরণ হিসেবে "পরিবীক্ষণ টুলবক্স" উদ্ভাবন ধারণা বাস্তবায়ন এবং বাস্তবায়িত একটি ডিজিটাল সেবা হিসেবে "সরকারি ক্রয় বাতায়ন" নামে একটি সিটিজেন পোর্টাল চালু করা হয়েছে। এছাড়া, কোভিড-১৯ মোকাবেলায় উদ্ভাবন ধারণা "বৈশ্বিক মহামারি কোভিড-১৯ এর সংক্রমণ মোকাবেলায় কার্যালয়ে স্বাস্থ্য বিধি মেনে চলার জন্য সচেতনতা বৃদ্ধি" বাস্তবায়িত হয়।

৩.২. বাস্তবায়িত ডিজিটাল সেবা

জনগণের অর্থে সরকারি ক্রয় কার্যক্রম পরিচালিত হয়ে থাকে। বর্তমানে বার্ষিক উন্নয়ন কর্মসূচির প্রায় ৮০ শতাংশ এবং জাতীয় বাজেটের প্রায় ৪৫ শতাংশ ব্যয় হয় সরকারি ক্রয়ে। তাই সরকারি ক্রয়ের মাধ্যমে কিভাবে জনগণের অর্থ ব্যয় হচ্ছে সে বিষয়ে জানার অধিকার রয়েছে প্রতিটি নাগরিকের। সরকারি ক্রয়ের বিভিন্ন তথ্য প্রকাশের মাধ্যমে এ বিষয়ে নাগরিকদের সচেতনতা বৃদ্ধি এবং তাদের মতামত জানার মাধ্যমে দেশের সরকারি ক্রয় ব্যবস্থার সার্বিক উন্নয়নে একটি ইতিবাচক পরিবেশ সৃষ্টির উদ্দেশ্যে ২৬ আগস্ট ২০২০ তারিখে একটি অনলাইন উদ্বোধনী অনুষ্ঠানের মাধ্যমে ডিজিটাল সেবা 'সরকারি ক্রয় বাতায়ন' (www.citizen.cptu.gov.bd) নামে একটি সিটিজেন পোর্টাল চালু করা হয়েছে। সরকারি ক্রয় বাতায়নে থেকে সহজেই সারাদেশে পণ্য, কার্য ও সেবা ক্রয় সম্পর্কিত নানা তথ্য পাবেন নাগরিকগণ। এমনকি নিজ এলাকার সরকারি ক্রয়ের বিভিন্ন ধাপ সম্পর্কেও তারা বিস্তারিত জানতে পারবেন। এছাড়া পোর্টালের সাথে যুক্ত ব্লগ ও সামাজিক যোগাযোগের মাধ্যমে নাগরিকগণ সরকারি ক্রয় বিষয়ে তাদের মতামত তুলে ধরতে পারবেন। এর মাধ্যমে তারা সরকারি ক্রয় পরিস্থিতি পর্যবেক্ষণে যুক্ত থাকতে পারবেন। সরকারের নীতি নির্ধারক, ক্রয়কারী সংস্থার কর্মকর্তা, বিশেষজ্ঞ, গবেষকগণও 'সরকারি ক্রয় বাতায়ন' থেকে বিভিন্ন তথ্য ডাউনলোড করে তা বিশ্লেষণ করতে পারবেন।

সিটিজেন পোর্টালটি আইএমইডি'র "সিপিটিইউ'র ওয়েবসাইট (www.cptu.gov.bd)"-এর সাথে যুক্ত। পোর্টালের তথ্যগুলো সরাসরি সরকারের ইলেকট্রনিক গভর্নমেন্ট প্রকিউরমেন্ট (ই-জিপি) সিস্টেম থেকে আসছে।



চিত্র: সরকারি ক্রয় বাতায়ন বা Citizen Portal এর হোম পেইজ-এর চিত্র।

৩.৩. বাস্তবায়িত উদ্ভাবনী ধারণা ২০২০-২০২১

বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ কর্তৃক ২০২০-২০২১ উদ্ভাবনী কর্মপরিকল্পনার (ক্রমিক নং ৬) পাইলটিং হিসেবে "বৈশ্বিক মহামারি কোভিড-১৯ এর সংক্রমণ মোকাবেলায় কার্যালয়ে স্বাস্থ্য বিধি মেনে চলার জন্য সচেতনতা বৃদ্ধি" উদ্ভাবনী ধারণাটি বাস্তবায়ন করা হয়েছে। সে লক্ষ্যে ০২/১১/২০২০ তারিখ বাদ যোহর পরিকল্পনা কমিশন চত্বরের জামে মসজিদে দোয়া মাহফিল আয়োজন, হ্যান্ড স্যানিটাইজার ও মাস্ক বিতরণ, আইএমইডি চত্বরের বিভিন্ন ভবনের দেয়ালের দৃশ্যমান স্থানে ব্যানার স্থাপন করা হয়েছে এবং কোভিড-১৯ সম্পর্কে সচেতনতার জন্য লিফলেট, স্টিকার বিতরণ করা হয়েছে। কোভিড-১৯ এর সংক্রমণ মোকাবেলায় এ বিভাগের কর্মকর্তা/কর্মচারীবৃন্দকে নিম্নরূপ নির্দেশনাসমূহ পালনের জন্য অনুরোধ করা হয়:

(ক) কোভিড-১৯ সংক্রমণের সম্ভাব্য সেকেন্ড ওয়েভ মোকাবেলায় মাস্ক পরিধান নিশ্চিত করা;

(খ) কোভিড-১৯ প্রতিরোধে জারিকৃত পরিপত্রসমূহ ও বিশ্ব স্বাস্থ্য সংস্থার (WHO) স্ট্যান্ডার্ড প্রটোকল যেমন: বার বার হাত ধোয়া, বদ্ধ ঘরে একাধিক ব্যক্তি অবস্থান না করা, মাস্ক পরিধান করা, জনসমাগম এড়িয়ে চলা;

(গ) মাস্ক ব্যতীত হাটবাজার, শপিং মল এবং রাষ্ট্রীয় ও সামাজিক অনুষ্ঠানে অংশগ্রহণ না করা;

(ঘ) আইসিটি বিভাগ কর্তৃক তৈরিকৃত করোনা ট্রেসার বিডি অ্যাপটি ডাউনলোড করে ব্যবহার করা;

(ঙ) কোভিড-১৯ সম্পর্কে কারো ভুল ধারণা বা সচেতনতার অভাব পরিলক্ষিত হলে তাকে অবশ্যই এ বিষয়ে সচেতন করে তোলা;

(চ) দাপ্তরিক কাজে সামাজিক দূরত্ব বজায় রেখে কার্যক্রম পরিচালনা এবং ভার্চুয়াল পদ্ধতিতে সভা আয়োজন অব্যাহত রাখা।

৩.৪. বাস্তবায়িত সেবা পদ্ধতি সহজিকরণ

বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগের ইনোভেশন বার্ষিক পরিকল্পনা ২০২০-২০২১ এর (ক্রমিক নং ১২) কার্যক্রম হিসেবে কর্মকর্তাগণের প্রকল্প পরিদর্শন ও প্রতিবেদন প্রণয়নের সুবিধার্থে পরিবীক্ষণ টুলবক্স হিসেবে একটি ব্যাগ সরবরাহ করার সিদ্ধান্ত বাস্তবায়ন করা হয়েছে। প্রকল্প পরিবীক্ষণ ও দাপ্তরিক কাজে ব্যবহারের জন্য গাইড লাইন ম্যানুয়েল, পেন ড্রাইভ এবং পরিবীক্ষণ টুলবক্স হিসেবে প্রদত্ত ব্যাগটি পরিবীক্ষণ কাজে ব্যবহার করা হচ্ছে।

অধ্যায় ৪

২০২০-২০২১ অর্থবছরের বাস্তবায়িত উদ্ভাবনী ধারণা ও সেবা পদ্ধতি সহজিকরণের উপর মূল্যায়ন প্রতিবেদন

৪.১. পরিবীক্ষণ টুলবক্স

উদ্ভাবনী উদ্যোগের শিরোনাম: আইএমইডি'র কর্মকর্তাগণের মাঝে পরিবীক্ষণ টুলবক্স বিতরণ

পরিবীক্ষণ ও মূল্যায়ন একটি Professional কাজ; যার জন্য প্রশিক্ষণ, টুল্‌স, দক্ষতা ও অভিজ্ঞতার প্রয়োজন। নতুন কর্মকর্তা আইএমই বিভাগে যোগদান করে প্রকল্প পরিবীক্ষণ ও মূল্যায়নের জন্য নিজেকে তৈরি করেন। পরিবীক্ষণ ও মূল্যায়ন সংক্রান্ত বিভিন্ন টুল্‌স, নীতিমালা সংগ্রহ করে। বিভিন্ন কর্মকর্তার নিকট হতে আইএমই বিভাগের সার্বিক কাজ এবং আইএমই বিভাগের চলমান অর্থবছরের কার্যাবলি সম্পর্কে অবগত হতে হয়।

আইএমই বিভাগে নতুন যোগদানকৃত কর্মকর্তাকে এ বিভাগের কাজ সম্পর্কে অবগত করার কোন আনুষ্ঠানিক ব্যবস্থা নেই। আইএমই বিভাগে যোগদানকৃত কর্মকর্তার নতুন কর্মস্থলের নিয়মনীতি ও কার্যপদ্ধতি সম্পর্কে পুরোপুরি অবহিত হতে তুলনামূলক বেশি সময়ের প্রয়োজন হয়। ফলে জনগণ কাঙ্ক্ষিত সেবা হতে বঞ্চিত হওয়ার আশঙ্কা রয়েছে।

আইএমইডি'র সদ্য যোগদানকৃত কর্মকর্তাকে পরিবীক্ষণ ও মূল্যায়নের টুল্‌স সম্পর্কে অবহিত ও প্রশিক্ষিত করতে পারলে, তাঁর অধীনের প্রকল্প তালিকা শুরুতে সরবরাহ করতে পারলে, নতুন কর্মকর্তা যথাসময়ে এবং যথাযথভাবে কার্যসম্পাদন (পরিবীক্ষণ ও মূল্যায়ন) করতে পারবেন। এতে প্রকল্প বাস্তবায়ন সফলতার হার বৃদ্ধি পাবে।

এ উদ্দেশ্যকে সামনে রেখে "পরিবীক্ষণ টুলবক্স" উদ্ভাবন আইডিয়ার ২০২০-২১ অর্থবছরে বাস্তবায়ন করা হয়।

নির্বাচিত সেবার উল্লেখযোগ্য সমস্যাসমূহ:

- পরিবীক্ষণ ও মূল্যায়ন অভিজ্ঞতার অভাব;
- মনিটরিং টুলস্‌গুলো নতুন কর্মকর্তার নিকট পরিচিতির অভাব;
- আইএমইডি'র কাজের বিষয়ে সম্যক ধারণার অভাব।

সমস্যার মূল কারণ:

- নতুন যোগদানকৃত কর্মকর্তার কাজের জন্য প্রয়োজনীয় উপাদান বা নীতিমালা বা টুল্‌স একসাথে না পাওয়া/ প্রদান না করা।

সমস্যার কারণে সেবা গ্রহীতাদের ভোগান্তি:

- নতুন যোগদানকৃত কর্মকর্তার আইএমই বিভাগে মানিয়ে নিতে সমস্যা হয়;
- নতুন যোগদানকৃত কর্মকর্তার নিকট হতে কার্যকরি পরিবীক্ষণ ও মূল্যায়ন কাজ পাওয়া যায় না বা পেতে অধিক সময়ের প্রয়োজন হয়;
- পরিবীক্ষণ প্রতিবেদন মানসম্মত হয় না।



চিত্র: পরিবীক্ষণ টুলবক্স

নতুন কর্মকর্তা যথাসময়ে এবং যথাযথভাবে যেন কার্যসম্পাদন (পরিবীক্ষণ ও মূল্যায়ন) করতে পারে সেই উদ্দেশ্যকে সামনে রেখে পরিবীক্ষণ টুলবক্স উদ্ভাবন আইডিয়ার ২০২০-২১ অর্থবছরে বাস্তবায়ন করা হয়। টুলবক্স হিসেবে ব্যবহার করার জন্য একটি ব্যাগে ৬৪ জিবি'র একটি পেনড্রাইভ, মনিটরিং এবং পরিবীক্ষণ সংক্রান্ত পাঁচটি ম্যানুয়াল ও একটি গাইড লাইন নিয়ে সিডি সরবরাহ করা হয়েছে। এই বিভাগের ওয়েবসাইট (www.imed.gov.bd)-এর download মেন্যুতে "পরিবীক্ষণ টুলবক্স" নামের লিংকে সব ডকুমেন্ট আপলোড করা আছে যেখানে নিচের বিষয়গুলো রয়েছে:

- ✓ Vision & Mission of IMED
- ✓ Strategic Plan of IMED
- ✓ প্রকল্প পরিদর্শন নির্দেশিকা
- ✓ পরিবীক্ষণ ম্যানুয়াল/গাইডলাইন
- ✓ পরিবীক্ষণ ছক
- ✓ প্রকল্পের তালিকা (এডিপি ২০২০-২০২১)
- ✓ ডিরেক্টরি অব প্রজেক্ট ডিরেক্টরস (এডিপিঃ ২০১৮-১৯)
- ✓ PPA-2006, PPR-2008 with all Amendments up to January, 2019
- ✓ উন্নয়ন প্রকল্পসমূহের অর্থ অবমুক্তি ও ব্যবহার নির্দেশিকা-২০১৮
- ✓ Delegation of Financial Power-2015
- ✓ সরকারি খাতে উন্নয়ন প্রকল্প প্রণয়ন, প্রক্রিয়াকরণ, অনুমোদন ও সংশোধন পদ্ধতি (অক্টোবর, ২০১৬) এর সংশোধন সংক্রান্ত পরিপত্র

- ✓ বিনিয়োগ প্রকল্পের জন্য যোগ্য ও অভিজ্ঞ প্রকল্প পরিচালক নিয়োগ সংক্রান্ত নির্দেশাবলী (পরিপত্র)
- ✓ সরকারি খাতে উন্নয়ন প্রকল্প প্রণয়ন, প্রক্রিয়াকরণ, অনুমোদন ও সংশোধন পদ্ধতি
- ✓ Rules of Business
- ✓ Warrant of Precedence
- ✓ People's Republic of Bangladesh Flag Rules, 1972
- ✓ Delegation of Financial Power 2020 (একক বাজেট পদ্ধতির আওতাভুক্ত কর্মসূচির জন্য)
- ✓ প্রকল্পের ডিপিপি প্রণয়নকালে Discount Rate (SDR) নির্ধারণ সংক্রান্ত

পরিবীক্ষণ টুলবক্স ব্যবহার সংক্রান্ত একটি অফিস আদেশ গত ২৯/১০/২০২০ তারিখে প্রকাশ করা হয়েছে। প্রকল্প মনিটরিং এর গাইড লাইন, ম্যানুয়াল, ৬৪ জিবি'র একটি পেন ড্রাইভসহ ব্যাগ পরিবীক্ষণ টুলবক্স হিসেবে রয়েছে যা গত ২৯/১০/২০২০ তারিখে এই বিভাগের সচিব মহোদয় কর্তৃক সকল কর্মকর্তার মাঝে বিতরণ করা হয়েছে।

মূল্যায়নের ফলাফল

ধারণাটি মূল্যায়ন করার জন্য গত ০৭/০২/২০২১ তারিখে একটি প্রশ্নপত্র তৈরি করে এক জরিপ কার্যক্রমে আইএমই বিভাগের ৪০ জন কর্মকর্তার কাছ থেকে মতামত নেওয়া হয়েছে যা নিম্নরূপ:

- সাধারণ প্রশ্ন হিসেবে সকলের কাছে টুলবক্স পেয়েছেন কিনা এবং ব্যবহার করছেন কিনা জানতে চাওয়া হয় এবং প্রাপ্ত মতামত অনুযায়ী সবাই টুলবক্সটি পেয়েছেন এবং ব্যবহার করছেন।
- ওয়েবসাইটের (www.imed.gov.bd) ইনোভেশন সেবা বক্সে অবস্থিত "পরিবীক্ষণ টুলবক্স" থেকে সবগুলো কনটেন্ট (form, তথ্য, নির্দেশনাসমূহ) download করে pendrive-এ সংরক্ষণ করেছেন কিনা এর জবাব থেকে দেখা যায় শতকরা ৯০ ভাগই বলেছেন তারা এটি সংরক্ষণ ও ব্যবহার করছেন।



- টুলবক্সটিতে প্রয়োজনীয় সব তথ্যাদি ও ডকুমেন্টস থাকায়, প্রয়োজনের সময় টুলবক্স হতে বিভিন্ন তথ্য পাওয়া যায় বিধায় এটি প্রকল্প মনিটরিং ও পরিদর্শনে এই বিভাগের কর্মকর্তাদের সাহায্যে করছে বলে সকলে মন্তব্য করেছেন।
- পরিবীক্ষণ টুলবক্সটিতে PPA-2006, PPR-2008, প্রকল্প পরিদর্শন নির্দেশিকা, সরকারি খাতে উন্নয়ন প্রকল্প প্রণয়ন, প্রক্রিয়াকরণ, অনুমোদন ও সংশোধন পদ্ধতি, বিনিয়োগ প্রকল্পের জন্য যোগ্য ও অভিজ্ঞ প্রকল্প পরিচালক নিয়োগ সংক্রান্ত নির্দেশাবলি (পরিপত্র) ইত্যাদি বিভিন্ন আইটেম থাকায় কর্মকর্তারা তাদের প্রয়োজন অনুযায়ী তা ব্যবহার করছেন।



- টুলবক্সটিতে আর কোন কোন বিষয় যোগ করা হলে এটি আরো ব্যবহার যুগোপোযোগী হবে এই প্রশ্নে অনেকেই বলেন প্রকল্প সংশ্লিষ্ট হালনাগাদকৃত সকল নির্দেশিকা এবং মাননীয় প্রধানমন্ত্রী ও মাননীয় পরিকল্পনামন্ত্রীর অনুশাসন ইত্যাদি আইটেম যোগ করা যেতে পারে।

- 'পরিবীক্ষণ টুলবক্স' পরিদর্শন ও প্রতিবেদন প্রণয়নে শতকরা কতভাগ ভূমিকা রাখছে বলে আপনি মনে করেন এই প্রশ্নের জবাবে বিভিন্ন কর্মকর্তাদের মতামত নিম্নরূপ:

  ✓ ৫০% বলছেন 'পরিবীক্ষণ টুলবক্স' পরিদর্শন ও প্রতিবেদন প্রণয়নে শতকরা ৬১-৮০% ভূমিকা রাখছে।

  ✓ ২৫% বলছেন 'পরিবীক্ষণ টুলবক্স' পরিদর্শন ও প্রতিবেদন প্রণয়নে শতকরা ৮১-১০০% ভূমিকা রাখছে।

  ✓ ১২.৫% বলছেন 'পরিবীক্ষণ টুলবক্স' পরিদর্শন ও প্রতিবেদন প্রণয়নে শতকরা ০-৪০% ভূমিকা রাখছে।

  ✓ ১০% বলছেন 'পরিবীক্ষণ টুলবক্স' পরিদর্শন ও প্রতিবেদন প্রণয়নে শতকরা ৪১-৬০% ভূমিকা রাখছে।

  ✓ ২.৫% মতামত প্রদান থেকে বিরত থেকেছেন।



উপরের তথ্য উপাত্ত বিশেষণ করে দেখা যায় যে, পরিবীক্ষণ টুলবক্স ব্যবহার করে আইএমই বিভাগে সদ্য যোগদানকৃত কর্মকর্তাগণ নতুন কর্মস্থলের নিয়মনীতি ও কার্যপদ্ধতি সম্পর্কে পুরোপুরি অবগত হতে আগের তুলনায় কম সময় লাগছে, যথাসময়ে এবং যথাযথভাবে কার্যসম্পাদন (পরিবীক্ষণ ও মূল্যায়ন) করতে পারছেন। ফলে প্রকল্প বাস্তবায়ন, পরিবীক্ষণ ও মূল্যায়ন কাজ সহজতর হয়েছে।

৪.২. বৈশ্বিক মহামারি কোভিড-১৯ প্রতিরোধ

উদ্ভাবনী উদ্যোগের শিরোনাম: বৈশ্বিক মহামারি কোভিড-১৯ এর সংক্রমণ মোকাবেলায় কার্যালয়ে স্বাস্থ্য বিধি মেনে চলার জন্য সচেতনতা বৃদ্ধি।

কোভিড-১৯ বা COVID-19 করোনাভাইরাস একটা নতুন স্টেন দ্বারা সৃষ্ট একটি রোগ। 'CO' stands for corona, 'VI' for virus, and 'D' for disease. ৩১ ডিসেম্বর ২০১৯ সালে চীনের উহান সিটিতে এই রোগটি প্রথম চিহ্নিত করা হয়। এরপর এটা সমগ্র বিশ্বে ছড়িয়ে পড়ে। ২০২০ সালের ৮ই মার্চ বাংলাদেশে প্রথম কোভিড-১৯ রোগী সনাক্ত করা হয়। বিশ্ব স্বাস্থ্য সংস্থা ২০২০ সালের ১১ই মার্চ কোভিড-১৯ রোগকে মহামারি হিসেবে ঘোষণা করে।

আইএমই বিভাগের সকল কর্মকর্তা এবং কর্মচারিদের মধ্যে কোভিড-১৯ বিষয়ে সচেতনতা বৃদ্ধি করা এবং এ বিষয়ে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করার জন্য "বৈশ্বিক মহামারি কোভিড-১৯ এর সংক্রমণ মোকাবেলায় কার্যালয়ে স্বাস্থ্য বিধি মেনে চলার জন্য সচেতনতা বৃদ্ধি" উদ্ভাবন আইডিয়াটি ২০২০-২১ অর্থবছরে বাস্তবায়ন করা হয়।

সমস্যার সংক্ষিপ্ত বিবরণ

(ক) জনগণের সচেতনতার অভাব এবং কোভিড-১৯ সংক্রমণ সম্পর্কে যথাযথ ধারণার অভাব।

(খ) মাস্ক না পরার সংস্কৃতি।

(গ) হাইজিন সর্ম্পকে অজ্ঞতা, যেখানে সেখানে কফ, থুতু ফেলা, অপরিচ্ছন্ন পরিবেশ।

(ঘ) চিকিৎসা পদ্ধতির সীমাবদ্ধতা।

(ঙ) ভ্যাকসিন আবিষ্কার না হওয়া।

(চ) কোভিড-১৯ এর টেস্ট কোথায় হয়, সেই তথ্য না জানা।

(ছ) কোভিডে আক্রান্ত হলে পরবর্তী করণীয় সম্পর্কে ধারণার অভাব।

বিদ্যমান প্রসেস ম্যাপ

১। অফিসের প্রবেশপথে পর্যাপ্ত হাত ধোয়ার ব্যবস্থা, হ্যান্ড ওয়াশ এবং সাবানের ব্যবস্থা না থাকা।

২। মাস্ক পরিধান ব্যতীত অফিস আদালত, মসজিদ-মন্দির, বাজারে প্রবেশ।

৩। কোভিড-১৯ সর্ম্পকে সচেতনতার অভাব এবং হাইজিন সর্ম্পকে সচেতনতামূলক কার্যক্রম না থাকা।

৪। কোভিড-১৯ চিকিৎসা পদ্ধতি এবং টেস্ট কোথায় করানো হয় সে সর্ম্পকে প্রচারণা কার্যক্রম না থাকা।

৫। সুনির্দিষ্ট মেডিসিন ও ভ্যাকসিন আবিষ্কার না হওয়া।

৬। যে অফিসগুলোতে মেডিকেল সেন্টার আছে সেখানে sample collection বুথ না থাকা।

৭। কোভিডে আক্রান্ত হলে পরবর্তী করণীয়, আইসোলেশন এবং কোয়ারেন্টাইন সম্পর্কে প্রচারণা কার্যক্রম না থাকা।

সমাধান প্রক্রিয়ার বিবরণ

১। মাস্ক পরিধান করতে হবে।

২। অফিস আদালত, মসজিদ-মন্দির, বাজারে সবাই যেন মাস্ক পরিধান করে তা নিশ্চিত করতে হবে।

৩। সামাজিক দূরত্ব বজায় রেখে চলাচলের বিধিনিষেধ মানতে হবে এবং যেখানে সেখানে কফ, থুতু ফেলা যাবেনা।

৪। সচেতনতা বাড়াতে হবে। প্রয়োজনে সচেতনতা বাড়ানোর জন্য দিকনির্দেশনা সম্বলিত লিফলেট বিলি এবং দৃশ্যমান স্থানে ব্যানার স্থাপন করতে হবে।

৫। মসজিদ ও ধর্মীয় প্রতিষ্ঠানগুলোতে কোভিড-১৯ সচেতনতা বৃদ্ধির জন্য নিয়মিত আলোচনার ব্যবস্থা করতে হবে।

প্রস্তাবিত প্রসেস ম্যাপ

১। বিভিন্ন সভায় যেমন- সমন্বয় সভায়, এডিপি সভায়, পিএসসি সভায়, পিইসি সভায়, পিআইসি সভায়, ফলোআপ সভায় এ বিষয়ে আলোচনা করলে সচেতনতা বৃদ্ধি পাবে।

২। অফিস গেটে সচেতনতা বৃদ্ধির জন্য মাস্ক ও লিফলেট বিতরণ করা যেতে পারে।

৩। মাস্ক পরিধান ব্যতীত কাউকে অফিস আদালত, মসজিদ-মন্দির, বাজারে প্রবেশ করতে না দেয়া। কেউ মাস্ক না পরলে তাকে সার্ভিস দেয়া থেকে বিরত থাকা। 'নো মাস্ক, নো সার্ভিস' নীতি বাস্তবায়ন করতে হবে।

৪। সকল অফিস, রাস্তাঘাটে কোভিড-১৯ সংক্রমণ সম্পর্কে সচেতনেতা মূলক ব্যানার, পোস্টার ইত্যাদি লাগানো।

৫। কোভিড-১৯ নিয়ে সচেতনতা বৃদ্ধি ও প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণের জন্য একটি কমিটি গঠন করা।

৬। প্রিন্ট ও ইলেক্ট্রনিক মিডিয়াতে প্রচারের ব্যবস্থা করা।

৭। পরিকল্পনা কমিশন চত্বরের মেডিকেল সেন্টারে একটি sample collection বুথ স্থাপন করা যেতে পারে।

৮। কোভিড-১৯ চিকিৎসা পদ্ধতি এবং টেস্ট কোথায় করানো হয় সে সর্ম্পকে প্রচারণা কার্যক্রম পরিচালনা।

৯। কোভিডে আক্রান্ত হলে পরবর্তী করণীয়, আইসোলেশন এবং কোয়ারেন্টাইন সম্পর্কে প্রচারণা কার্যক্রম পরিচালনা।

বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ কর্তৃক ইনোভেশনের বার্ষিক পরিকল্পনা ২০২০-২১ অর্থবছরের কার্যক্রম হিসেবে "বৈশ্বিক মহামারি কোভিড-১৯ এর সংক্রমণ মোকাবেলায় কার্যালয়ে স্বাস্থ্য বিধি মেনে চলার জন্য সচেতনতা বৃদ্ধি" উদ্ভাবনী ধারণাটি বাস্তবায়ন করা হয়েছে। উক্ত ধারণাটি বাস্তবায়নের জন্য ০৩/১১/২০২০ তারিখে একটি কমিটি গঠন করা হয়। উক্ত কমিটির কার্যপরিধি অনুযায়ী নিম্নের কাজগুলো বাস্তবায়ন করা হয়েছে।

- আইএমইডি'র ভবনসমূহের প্রবেশ পথে হাত ধোয়ার ব্যবস্থা করা হয়েছে।
- বিভিন্ন স্থানে 'নো মাস্ক, নো সার্ভিস'-এর স্টিকার লাগানো হয়েছে।
- মাস্ক, হ্যান্ড স্যানিটাজিার ও হ্যান্ডওয়াস বিতরণ করা হয়েছে।
- সচেতনতা বৃদ্ধি করতে কমিশন চত্বরের মসজিদে আলোচনা সভা ও দোয়ার আয়োজন করা হয়েছে এবং বিল্ডিং-এর গেইটে "No Mask, No Service" লিখা বড় ব্যানার লাগানো হয়েছে।

এই সেবাটি বাস্তবায়ন করার পরে এ সংক্রান্ত নির্দেশনা পালনের জন্য গত ২৪/১২/২০২০ তারিখে একটি অফিস আদেশ জারি করা হয়।

মূল্যায়নের ফলাফল

উক্ত ধারণাটি মূল্যায়ন করার জন্য গত ০৭/০২/২০২১ তারিখে একটি প্রশ্নপত্র তৈরি করে এই বিভাগের কর্মকর্তার কাছ থেকে মতামত নেয়া হয়েছে যা নিম্নরূপ:

- সাধারণ প্রশ্ন হিসেবে সকলের কাছে এই উদ্ভাবনী ধারণাটি সম্পর্কে অবগত কিনা এবং কোভিড-১৯ মোকাবেলায় এই বিভাগে যে কার্যক্রমগুলো গ্রহণ করা হয়েছে সেই বিষয়ে সবাই অবগত কিনা জানতে চাওয়া হয়। প্রাপ্ত মতামত অনুযায়ী সবাই জানান তারা সবাই এ বিষয়ে অবগত এবং পদক্ষেপ গুলো মেনে চলেন।
- আপনি কোভিড-১৯ মোকাবেলায় কি করেন? এই প্রশ্নের জবাব থেকে দেখা যায় শতকরা ১০০% বলছেন তারা
  - ✓ অফিসে এবং ঘরের বাহিরে সর্বদাই মাস্ক পরিধান করেন;
  - ✓ স্যানিটাইজার ব্যবহার করেন ও হাত ধৌত করেন;
  - ✓ জনসমাগম ও পাবলিক পরিবহন এড়িয়ে চলার চেষ্টা করেন এবং শতকরা ১০০% বলেছেন তারা অফিস কিংবা বাজার হতে বাসায় এসে গোসল করেন এবং পরিধানকৃত কাপড় ধৌত করেন।

কোভিড-১৯ মোকাবেলায় পদক্ষেপ

পদক্ষেপ	শতকরা হার
অফিসে এবং ঘরের বাহিরে সর্বদাই মাস্ক ব্যবহার করেন	১০০
নিয়মিতভাবে হাত ধৌত করেন	১০০
জনসমাগম ও পাবলিক পরিবহণ এড়িয়ে চলার চেষ্টা করেন	১০০
অফিস কিংবা বাজার হতে বাসায় এসে গোসল এবং পরিধানকৃত কাপড় ধৌত করেন	৯০

- সচেতনতা বৃদ্ধিতে আপনি বিষয়গুলো প্রচার করেন কি এবং যদি কেউ মাস্ক পরিধান না করে সেবা নিতে আসে তাহলে সেবা দিচ্ছি কিনা এই প্রশ্নের জবাব থেকে দেখা যায় শতকরা ১০০% বলছেন তারা বিষয়গুলো প্রচার করেন এবং কেউ মাস্ক পরিধান না করে সেবা নিতে আসলে তাহলে সেবা দেওয়া হচ্ছে না। তাকে মাস্ক পড়তে উৎসাহিত করা হচ্ছে।

- আইসিটি বিভাগ কর্তৃক তৈরিকৃত করোনাট্রেসার বিডি অ্যাপটি সম্পর্কে জানা আছে কিনা এবং এটি ব্যবহার করেন কিনা এই প্রশ্নের জবাবে মতামত নিম্নরূপ:



- ❖ শতকরা ৬০ জন বলছেন তারা অ্যাপটি সম্পর্কে জানেন।
- ❖ শতকরা ৪০ জন বলছেন তারা অ্যাপটি সম্পর্কে জানেন না।
- ❖ শতকরা ১০ জন বলছেন তারা অ্যাপটি ব্যবহার করেন এবং
- ❖ শতকরা ৯০ জন বলছেন তারা অ্যাপটি ব্যবহার করেন না।

- কোভিড-১৯ আরো সচেতনভাবে কিভাবে মোকাবেলা করা যায় সে বিষয়ে বিভিন্ন মতামত পাওয়া গিয়েছে। তার মধ্যে উল্লেখযোগ্য হচ্ছে:

  - সবাইকে যার যার অবস্থান থেকে স্বাস্থ্যবিধি মানতে হবে;
  - অফিসে এবং ঘরের বাহিরে সর্বদাই মাস্ক পরিধান করতে হবে;
  - স্যানিটাইজার ব্যবহার ও হাত ধৌত করতে হবে;
  - জনসমাগম ও পাবলিক পরিবহন এড়িয়ে চলার চেষ্টা করতে হবে এবং
  - ভ্যাকসিন গ্রহণে উদ্বুদ্ধ করতে হবে।

উপসংহার

উপরের তথ্য উপাত্ত বিশ্লেষণ করে দেখা যায় যে, "বৈশ্বিক মহামারি কোভিড-১৯ এর সংক্রমণ মোকাবেলায় কার্যালয়ে স্বাস্থ্যবিধি মেনে চলার জন্য সচেতনতা বৃদ্ধি" আইডিয়াটি বাস্তবায়নের ফলে সবার সচেতনেতা বৃদ্ধি পেয়েছে এবং সবাই স্বাস্থ্যবিধি মেনে চলছেন।

অধ্যায় ৫

আলোকচিত্রে উদ্ভাবন ও সেবা সহজিকরণের কার্যক্রম



আলোকচিত্র ১: বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগের "ইনোভেশন শোকেসিং-২০২১"-এর উদ্বোধন করেন এ বিভাগের সচিব জনাব প্রদীপ রঞ্জন চক্রবর্ত্তী।



আলোকচিত্র ২: বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগের "ইনোভেশন শোকেসিং-২০২১"-এ বিভিন্ন উদ্ভাবনী কার্যক্রম ও সেবা সহজিকরণ পদ্ধতিসমূহের উপর প্রদর্শনী পরিদর্শন করেন এ বিভাগের সচিব জনাব প্রদীপ রঞ্জন চক্রবর্ত্তী ও অন্যান্য কর্মকর্তাগণ।



আলোকচিত্র ৩: বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগের উদ্ভাবনে সক্ষমতা বৃদ্ধির লক্ষ্যে দুই দিন ব্যাপী ১ম ব্যাচের প্রশিক্ষণ গত ০৫ ও ০৬ অক্টোবর, ২০২০ তারিখে এ বিভাগের সম্মেলন কক্ষে স্বাস্থ্যবিধি মেনে অনুষ্ঠিত হয়।



আলোকচিত্র ৪: বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগের উদ্ভাবনে সক্ষমতা বৃদ্ধির লক্ষ্যে দুই দিন ব্যাপী ১ম ব্যাচের প্রশিক্ষণ গত ০৫ ও ০৬ অক্টোবর, ২০২০ তারিখে এ বিভাগের সম্মেলন কক্ষে স্বাস্থ্যবিধি মেনে অনুষ্ঠিত হয়।



আলোকচিত্র ৫: বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগের সেবা সহজিকরণের সক্ষমতা বৃদ্ধির লক্ষ্যে দুই দিন ব্যাপী ১ম ব্যাচের প্রশিক্ষণ গত ৩১ মার্চ ও ০১ এপ্রিল, ২০২১ তারিখে এ বিভাগের সম্মেলন কক্ষে স্বাস্থ্যবিধি মেনে অনুষ্ঠিত হয়।



আলোকচিত্র ৬: বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগের সেবা সহজিকরণের সক্ষমতা বৃদ্ধির লক্ষ্যে দুই দিন ব্যাপী ১ম ব্যাচের প্রশিক্ষণ গত ৩১ মার্চ ও ০১ এপ্রিল, ২০২১ খ্রিঃ তারিখে এ বিভাগের সম্মেলন কক্ষে স্বাস্থ্যবিধি মেনে অনুষ্ঠিত হয়।



আলোকচিত্র ৭: বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগে "সেবা সহজিকরণ সক্ষমতা বৃদ্ধি" বিষয়ক ২ দিনের প্রশিক্ষণ কর্মশালার ২য় ব্যাচের প্রশিক্ষণ অনলাইন প্ল্যাটফর্ম Zoom-এ ০৮ এবং ০৯ মে, ২০২১ তারিখে অনুষ্ঠিত হয়। প্রশিক্ষণে উপস্থিত ছিলেন এ বিভাগের সচিব জনাব প্রদীপ রঞ্জন চক্রবর্ত্তী এবং অতিরিক্ত সচিব (প্রশাসন) জনাব ড. গাজী মোঃ সাইফুজ্জামান।



আলোকচিত্র ৮: বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগে "সেবা সহজিকরণ সক্ষমতা বৃদ্ধি" বিষয়ক ২ দিনের প্রশিক্ষণ কর্মশালার ২য় ব্যাচের প্রশিক্ষণ অনলাইন প্ল্যাটফর্ম Zoom-এ ০৮ এবং ০৯ মে, ২০২১ তারিখে অনুষ্ঠিত হয়। উক্ত কর্মশালার প্রশিক্ষণার্থীগণের একটি Screenshot.



আলোকচিত্র ৯: ডিজিটাল সেবা বাস্তবায়নের কার্যক্রম হিসেবে সরকারি ক্রয়ে Value for Money নিশ্চিত করার লক্ষ্যে ক্রয়কার্যে জনসাধারণের মতামত প্রদানের অংশ হিসেবে সরকারি ক্রয় বাতায়ন বা Citizen Portal উদ্বোধন করা হয়েছে।



আলোকচিত্র ১০: সেবা পদ্ধতি সহজিকরণ কার্যক্রমের অংশ হিসেবে আইএমইডি'র কর্মকর্তাগণের মাঝে প্রকল্প পরিবীক্ষণে সহায়ক "পরিবীক্ষণ টুলবক্স" বিতরণ করা হয়।



আলোকচিত্র ১১: উদ্ভাবনী উদ্যোগের পাইলটিং বাস্তবায়ন: "বৈশ্বিক মহামারি কোভিড-১৯ মোকাবেলায় কার্যালয়ে স্বাস্থ্যবিধি মেনে চলার জন্য সচেতনতা বৃদ্ধি।"



আলোকচিত্র ১২: উদ্ভাবনী উদ্যোগের পাইলটিং বাস্তবায়ন: "বৈশ্বিক মহামারি কোভিড-১৯ মোকাবেলায় কার্যালয়ে স্বাস্থ্যবিধি মেনে চলার জন্য সচেতনতা বৃদ্ধি।"



আলোকচিত্র ১৩: উদ্ভাবনী প্রকাশনী "সীমানা পেরিয়ে"-এর খসড়া সংস্করণ নিয়ে সম্পাদনা পর্ষদ এবং ইনোভেশন টিমের সভা।



আলোকচিত্র ১৪: উদ্ভাবনী প্রকাশনী "সীমানা পেরিয়ে"-এর সম্পাদনা পর্ষদ এবং ইনোভেশন টিমের সম্পাদনা।

পরিশিষ্টসমূহ

ক. উদ্ভাবন কর্মপরিকল্পনা ২০২০-২০২১
খ. কার্যবিবরণীসমূহ
গ. উদ্ভাবনী ধারণাসমূহ
ঘ. সেবা সহজিকরণের ধারণাসমূহ
ঙ. মূল্যায়ন সমীক্ষার প্রশ্নাবলি

বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগের বার্ষিক উদ্ভাবন কর্মপরিকল্পনা ২০২০-২০২১ (সংশোধিত)

ক্রম	উদ্দেশ্য (Objectives)	বিষয়ের মান (Weight of Objectives)	কার্যক্রম (Activities)	কর্মসম্পাদন সূচক (Performance Indicators)	একক (Unit)	কর্মসম্পাদন সূচকের মান (Weight of Performance Indicators)	লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০২০-২০২১ (Target /Criteria Value for 2020-2021)				
							অসাধারণ	অতি উত্তম	উত্তম	চলতি মান	চলতি মানের নিম্নে
							১০০%	৯০%	৮০%	৭০%	৬০%
	১	২	৩	৪	৫	৬	৭	৮	৯	১০	১১
১	উদ্ভাবন কর্মপরিকল্পনা প্রণয়ন	১০	১.১ বার্ষিক উদ্ভাবন কর্মপরিকল্পনা প্রণয়ন	১.১.১কর্মপরিকল্পনা প্রণীত	তারিখ	৪	৩০-৭-২০২০	৪-৮-২০২০	৮-৮-২০২০	১১-৮-২০২০	১৬-৮-২০২০
			১.২ উদ্ভাবন কর্মপরিকল্পনা মহামারী/আপদকাল মোকাবেলার সাথে সম্পৃক্ততা	১.২.১ প্রণীত কর্মপরিকল্পনায় মহামারী/ আপদকাল মোকাবেলায় বিশেষ পদক্ষেপের রূপরেখা প্রকাশ	তারিখ	৩	৩০-৭-২০২০	৪-৮-২০২০	৮-৮-২০২০	১১-৮-২০২০	১৬-৮-২০২০
			১.৩ বার্ষিক উদ্ভাবন কর্মপরিকল্পনা মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ	১.৩.১ মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরিত	তারিখ	১	৪-৮-২০২০	১১-৮-২০২০	১৪-৮-২০২০	২২-৮-২০২০	২৮-৮-২০২০
			১.৪ বার্ষিক উদ্ভাবন কর্মপরিকল্পনা তথ্য বাতায়নে প্রকাশ	১.৪.১ তথ্য বাতায়নে প্রকাশিত	তারিখ	২	১০-৮-২০২০	১৪-৮-২০২০	১৮-৮-২০২০	২২-৮-২০২০	২৮-৮-২০২০
২	ইনোভেশন টিমের সভা	৬	২.১ ইনোভেশন টিমের সভা অনুষ্ঠান	২.১.১ সভা অনুষ্ঠিত	সংখ্যা	৪	৬	৫	৪	৩	২
			২.২ ইনোভেশন টিমের সভার সিদ্ধান্ত বাস্তবায়ন	২.২.১ সিদ্ধান্ত বাস্তবায়িত	%	২	৯৫	৮০	৭৫	৭০	৬৫
৩	উদ্ভাবন খাতে (কোড নম্বর-৩২৫৭১০৫) বরাদ্দ	৪	৩.১ উদ্ভাবন-সংক্রান্ত কার্যক্রম বাস্তবায়নে বাজেট বরাদ্দ	৩.১.১ বাজেট বরাদ্দকৃত	টাকা	২	১০.০০	৮.০০	৬.০০	-	-
			৩.২ উদ্ভাবন-সংক্রান্ত কার্যক্রম বাস্তবায়নে বরাদ্দকৃত অর্থ ব্যয়	৩.২.১ উদ্ভাবন-সংক্রান্ত কার্যক্রম বাস্তবায়নে বরাদ্দকৃত অর্থ ব্যয়িত	%	২	৯০	৮৫	৮০	৭৫	৭০
৪	সক্ষমতা বৃদ্ধি	৮	৪.১ উদ্ভাবন ও সেবা সহজিকরণ বিষয়ে এক দিনের কর্মশালা/ সেমিনার	৪.১.১ কর্মশালা/ সেমিনার অনুষ্ঠিত	সংখ্যা	৩	২	১	-	-	-
			৪.২ উদ্ভাবনে সক্ষমতা বৃদ্ধির লক্ষ্যে দুই দিনের প্রশিক্ষণ আয়োজন	৪.২.১ প্রশিক্ষণ আয়োজিত	সংখ্যা (জন)	৩	২০	১৮	১৫	-	-
			৪.৩ সেবা সহজিকরণে সক্ষমতা বৃদ্ধির লক্ষ্যে দুই দিনের প্রশিক্ষণ আয়োজন	৪.৩.১ প্রশিক্ষণ আয়োজিত	সংখ্যা (জন)	২	২০	১৮	১৫	-	-

ক্রম	উদ্দেশ্য (Objectives)	বিষয়ের মান (Weight of Objectives)	কার্যক্রম (Activities)	কর্মসম্পাদন সূচক (Performance Indicators)	একক (Unit)	কর্মসম্পাদন সূচকের মান (Weight of Performance Indicators)	লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০২০-২০২১ (Target /Criteria Value for 2020-2021)				
							অসাধারণ	অতি উত্তম	উত্তম	চলতি মান	চলতি মানের নিম্নে
							১০০%	৯০%	৮০%	৭০%	৬০%
	১	২	৩	৪	৫	৬	৭	৮	৯	১০	১১
৫	স্বীয় দপ্তরের সেবায় উদ্ভাবনী ধারণা/ উদ্যোগ আহবান, যাচাই-বাছাই-সংক্রান্ত কার্যক্রম	৪	৫.১ উদ্ভাবনী উদ্যোগ/ধারণা আহবান এবং প্রাপ্ত উদ্ভাবনী ধারণাগুলো যাচাই-বাছাইপূর্বক তালিকা তথ্য বাতায়নে প্রকাশ	৫.১.১ উদ্ভাবনী উদ্যোগের তালিকা তথ্য বাতায়নে প্রকাশিত	তারিখ	৪	৩-১১-২০২০	৪-১১-২০২০	১০-১১-২০২০	১৭-১১-২০২০	২০-১১-২০২০
৬	উদ্ভাবনী উদ্যোগের পাইলটিং বাস্তবায়ন	৬	৬.১ ন্যূনতম একটি উদ্ভাবনী উদ্যোগের পাইলটিং বাস্তবায়নের সরকারি আদেশ জারি	৬.১.১ পাইলটিং বাস্তবায়নের আদেশ জারিকৃত	তারিখ	৩	১৯-১২-২০২০	২৪-১২-২০২০	৩০-১২-২০২০	৫-১-২০২১	১০-১-২০২১
			৬.২ উদ্ভাবনী উদ্যোগের পাইলটিং বাস্তবায়ন মূল্যায়ন	৬.২.১ পাইলটিং বাস্তবায়ন মূল্যায়িত	তারিখ	৩	১-০৩-২০২১	৫-৩-২০২১	১০-৩-২০২১	১৫-৩-২০২১	১৯-৩-২০২১
৭	উদ্ভাবন প্রদর্শনী (শোকেসিং)	৮	৭.১ ন্যূনতম একটি উদ্ভাবন প্রদর্শনীর (শোকেসিং) আয়োজন	৭.১.১ আয়োজিত উদ্ভাবন প্রদর্শনী	তারিখ	৬	১৫-০৫-২০২১	২২-৫-২০২১	২৯-৫-২০২১	১০-৬-২০২১	১৫-৬-২০২১
			৭.২ প্রদর্শনীর মাধ্যমে শ্রেষ্ঠ উদ্ভাবনী উদ্যোগ নির্বাচন	৭.২.১ শ্রেষ্ঠ উদ্ভাবনী উদ্যোগ নির্বাচিত	সংখ্যা	২	৩	২	১	-	-
৮	উদ্ভাবনী উদ্যোগ আঞ্চলিক ও জাতীয় পর্যায়ে বাস্তবায়ন	৭	৮.১ ন্যূনতম একটি উদ্ভাবনী উদ্যোগ আঞ্চলিক/ জাতীয় পর্যায়ে বাস্তবায়ন	৮.১.১ বাস্তবায়নের জন্য অফিস আদেশ জারিকৃত	তারিখ	৭	১০-৬-২০২১	১৬-৬-২০২১	২০-৬-২০২১	২৫-৬-২০২১	৩০-৬-২০২১
৯	স্বীকৃতি বা প্রণোদনা প্রদান	৫	৯.১ উদ্ভাবকগণকে প্রশংসাসূচক উপ-আনুষ্ঠানিক পত্র/সনদপত্র /ক্রেস্ট/ পুরস্কার প্রদান	৯.১.১ প্রশংসাসূচক উপ-আনুষ্ঠানিক পত্র/ সনদপত্র /ক্রেস্ট/ পুরস্কার প্রদানকৃত	সংখ্যা (জন)	৩	২	১	-	-	-
			৯.২ উদ্ভাবকগণকে দেশে শিক্ষা সফর/প্রশিক্ষণ /নলেজ শেয়ারিং প্রোগ্রামে প্রেরণ	৯.২.১ শিক্ষা সফর/ প্রশিক্ষণ/নলেজ শেয়ারিং প্রোগ্রামে প্রেরিত	সংখ্যা (জন)	২	-	-	-	-	-
১০	তথ্য বাতায়নহালনাগাদ করণ	৮	১০.১ ইনোভেশন টিমের পূর্ণাঙ্গ তথ্যসহ বহুরঙ্গিক উদ্ভাবনের সকল তথ্য আপলোড/ হালনাগাদকরণ	১০.১.১ উদ্ভাবনের তথ্য আপলোডকৃত/ হালনাগাদকৃত	নিয়মিত (%)	৪	১০০	৯০	৮০	৭০	৬০

ক্রম	উদ্দেশ্য (Objectives)	বিষয়ের মান (Weight of Objectives)	কার্যক্রম (Activities)	কর্মসম্পাদন সূচক (Performance Indicators)	একক (Units)	কর্মসম্পাদন সূচকের মান (Weight of Performance Indicators)	লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০২০-২০২১ (Target /Criteria Value for 2020-2021)				
							অসাধারণ	অতি উত্তম	উত্তম	চলতি মান	চলতি মানের নিম্নে
							১০০%	৯০%	৮০%	৭০%	৬০%
	১	২	৩	৪	৫	৬	৭	৮	৯	১০	১১
			১০.২ বছরভিত্তিক পাইলট ও বাস্তবায়িত সেবা সহজিকরণের তথ্য আপলোড/ হালনাগাদকরণ	১০.২.১ সেবা সহজিকরণের তথ্য আপলোড/ হালনাগাদকৃত	%	২	১০০	৯০	৮০	৭০	৬০
			১০.৩ বাস্তবায়িত ডিজিটাল-সেবার তথ্য আপলোড/ হালনাগাদকরণ	১০.৩.১ ডিজিটাল-সেবার তথ্য আপলোড/ হালনাগাদকৃত	%	২	১০০	৯০	৮০	৭০	৬০
১১	ডিজিটাল সেবা তৈরি ও বাস্তবায়ন	৪	১১.১ ন্যূনতম একটি ডিজিটাল সেবা তৈরি ও বাস্তবায়ন করা	১১.১.১ একটি ডিজিটাল সেবা বাস্তবায়িত	তারিখ	৪	১৫-২-২০২১	১৫-৩-২০২১	৩১-৩-২০২১	৩০-৪-২০২১	৩০-৫-২০২১
১২	সেবা সহজিকরণ	৮	১২.১ ন্যূনতম একটি সেবা পদ্ধতি সহজিকরণের পাইলটিং বাস্তবায়ন	১২.১.১ সহজিকরণের পাইলটিং বাস্তবায়নের অফিস আদেশ জারিকৃত	তারিখ	৪	১৫-১০-২০২০	২০-১০-২০২০	২৪-১০-২০২০	২৮-১০-২০২০	৩০-১০-২০২০
			১২.২ ন্যূনতম একটি সেবা পদ্ধতি সহজিকরণ সারাদেশে সম্প্রসারণ/ রেপ্লিকেশন	১২.২.১ সেবা সহজিকরণ বাস্তবায়নে চূড়ান্ত অফিস আদেশ জারিকৃত	তারিখ	৪	১৫-০৪-২০২১	৩০-৪-২০২১	১৫-৫-২০২১	৩০-৫-২০২১	১৫-৬-২০২১
১৩	পরিবীক্ষণ	৭	১৩.১ আওতাধীন অধিদপ্তর/ সংস্থার উদ্ভাবন কর্মপরিকল্পনা প্রণয়ন কার্যক্রম পরিবীক্ষণ	১৩.১.১ আওতাধীন দপ্তর/ সংস্থার বার্ষিক কর্মপরিকল্পনা প্রণীত	তারিখ	৩	৩০-৭-২০২০	৪-৮-২০২০	৮-৮-২০২০	১১-৮-২০২০	১৬-৮-২০২০
			১৩.২ স্বীয় দপ্তরসহ আওতাধীন অধিদপ্তর/ দপ্তর সংস্থার উদ্ভাবন কর্মপরিকল্পনা বাস্তবায়ন অগ্রগতি পরিবীক্ষণ	১৩.২.১ আওতাধীন অধিদপ্তর/ দপ্তর সংস্থার সঙ্গে ইনোভেশন টিমের সভা আয়োজিত	সংখ্যা	২	-	-	-	-	-
			১৩.৩ মাঠ পর্যায়ে চলমান উদ্ভাবনী প্রকল্পসমূহ সরেজমিন পরিদর্শন ও প্রয়োজনীয় সহায়তা প্রদান	১৩.৩.১ প্রকল্প পরিদর্শনকৃত এবং সহায়তা প্রদানকৃত	সংখ্যা (কয়টি)	২	-	-	-	-	-
১৪	ডকুমেন্টেশন প্রকাশনা	৭	১৪.১ বাস্তবায়িত উদ্ভাবনী উদ্যোগের ডকুমেন্টেশন তৈরি ও প্রকাশনা (পাইলট ও সম্প্রসারিত)	১৪.১.১ ডকুমেন্টেশন প্রকাশিত	তারিখ	৪	২০-০৫-২০২১	২৫-৫-২০২১	৩১-৫-২০২১	১০-৬-২০২১	১৫-৬-২০২১

ক্রম	উদ্দেশ্য (Objectives)	বিষয়ের মান (Weight of Objectives)	কার্যক্রম (Activities)	কর্মসম্পাদন সূচক (Performance Indicators)	একক (Unit)	কর্মসম্পাদন সূচকের মান (Weight of Performance Indicators)	লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০২০-২০২১ (Target /Criteria Value for 2020-2021)				
							অসাধারণ	অতি উত্তম	উত্তম	চলতি মান	চলতি মানের নিম্নে
							১০০%	৯০%	৮০%	৭০%	৬০%
	১	২	৩	৪	৫	৬	৭	৮	৯	১০	১১
			১৪.২ সেবা সহজিকরণের ডকুমেন্টেশন তৈরি ও প্রকাশনা	১৪.২.১ ডকুমেন্টেশন প্রকাশিত	তারিখ	৩	২০-০৫-২০২১	২৫-৫-২০২১	৩১-৫-২০২১	১০-৬-২০২১	১৫-৬-২০২১
১৫	উদ্ভাবন কর্মপরিকল্পনা মূল্যায়ন	৮	১৫.১ উদ্ভাবন পরিকল্পনার অর্ধ-বার্ষিক স্ব-মূল্যায়ন	১৫.১.১ অর্ধ- বার্ষিক প্রতিবেদন স্ব-মূল্যায়িত	তারিখ	৩	৩০-১-২০২১	৫-২-২০২১	১০-২-২০২১	১৭-২-২০২১	২০-২-২০২১
			১৫.২ উদ্ভাবন কর্মপরিকল্পনার অর্ধ- বার্ষিক মূল্যায়ন প্রতিবেদন মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ	১৫.২.১ অর্ধ- বার্ষিক মূল্যায়ন প্রতিবেদন প্রেরিত	তারিখ	১	৫-২-২০২১	১০-২-২০২১	১৭-২-২০২১	২০-২-২০২১	২৫-২-২০২১
			১৫.৩ উদ্ভাবন কর্মপরিকল্পনার বার্ষিক স্ব-মূল্যায়ন	১৫.৩.১ বার্ষিক মূল্যায়ন প্রতিবেদন প্রস্তুতকৃত	তারিখ	৩	১৫-৭-২০২১	২০-৭-২০২১	২৫-৭-২০২১	২৬-৭-২০২১	৩০-৭-২০২১
			১৫.৪ উদ্ভাবন কর্মপরিকল্পনার বার্ষিক স্ব-মূল্যায়ন প্রতিবেদন মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ	১৫.৪.১ মূল্যায়ন প্রতিবেদন প্রেরিত	তারিখ	১	২০-৭-২০২১	২৫-৭-২০২১	২৬-৭-২০২১	৩০-৭-২০২১	৫-৮-২০২১

মোহাম্মদ আবদুল মান্নান
অতিরিক্ত সচিব
আইএমইডি, পরিকল্পনা মন্ত্রণালয়
পরিকল্পনামন্ত্রী বাংলাদেশ সরকার

পরিশিষ্ট-খ

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পরিকল্পনা মন্ত্রণালয়
বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ
প্রশাসন-৩ অধিশাখা
শেরে বাংলা নগর, ঢাকা
www.imed.gov.bd

বিষয়ঃ ইনোভেশন টিমের ২০২০-২০২১ অর্থ বছরের ১ম সভার কার্যবিবরণী।

সভাপতি	:	জনাব মোঃ মাহমুদুল হক, যুগ্ম সচিব
তারিখ	:	২৬ জুলাই ২০২০
সময়	:	দুপুর ১২.৩০ মিনিট
স্থান	:	আইএমইডি'র সম্মেলন কক্ষ

সভায় উপস্থিত সদস্যবৃন্দ/কর্মকর্তাগণের নামের তালিকা পরিশিষ্ট 'ক' তে দেওয়া হলো।

২। সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। স্বাস্থ্য বিধি মেনে সভায় উপস্থিত হবার জন্য সকলকে ধন্যবাদ জানান। তিনি বলেন মার্চ ২০২০ হতে লক ডাউনের কারণে ২০১৯-২০২০ সালের ইনোভেশনের বার্ষিক কর্ম পরিকল্পনা পুরোপুরি বাস্তবায়ন সম্ভব হয়নি। শীঘ্রই করোনা অবস্থার উন্নতি হবে এবং আমরা স্বাভাবিক কর্মক্ষেত্রে ফিরে পাবে বলে তিনি আশা ঘোষণ করেন। তবে চলমান Pandemic কে মাথায় রেখে বার্ষিক কর্মপরিকল্পনা ২০২০-২০২১ প্রণয়নের জন্য সকলকে মতামত প্রদানের অনুরোধ করেন। সভায় বিস্তারিত আলোচনার পর নিম্নবর্ণিত সিদ্ধান্ত গৃহীত হয়।

সিদ্ধান্তসমূহঃ

- সক্ষমতা বৃদ্ধির জন্য উদ্ভাবন ও সেবা সহজিকরণ বিষয়ে একদিনের কর্মশালা (৪.১) উদ্ভাবনের সক্ষমতা বৃদ্ধির লক্ষ্যে দুইদিনের প্রশিক্ষণ (৪.২) এবং সেবা সহজিকরণের সক্ষমতা বৃদ্ধির লক্ষ্যে দুইদিনের প্রশিক্ষণ আয়োজন (৪.৩) চলমান Pandemic অবস্থা উন্নতি না হলে ভার্চুয়ালি Zoom এর মাধ্যমে আয়োজন করা যেতে পারে। সেক্ষেত্রে জুলাই-সেপ্টেম্বর,২০২০ কোয়ার্টার বাদ দিয়ে অক্টোবর-ডিসেম্বর, ২০২০ এবং জানুয়ারি –মার্চ, ২০২১ এই দুই কোয়ার্টারে একদিনের কর্মশালা এবং দুইদিনের প্রশিক্ষণ গুলো অনুষ্ঠিত হবে। এই বিষয়ে একটি প্রশিক্ষণ সূচি আগামী সভায় উপস্থাপনের সিদ্ধান্ত গৃহীত হয়।

  কার্যক্রম : সদস্য সচিব, ইনোভেশন টিম।

- ২০২০-২০২১ অর্থ বছরের উদ্ভাবন (৩২৫৭১০৫) খাতে মোট বরাদ্দ ২০.২৫ লক্ষ টাকা। আইএমই বিভাগের আওতাধীন কোন অধিদপ্তর বা সংস্থা না থাকায় নিম্নবর্ণিত খাতে বাজেট ব্যয় করা যায়-

  (ক) প্রশিক্ষণ/কর্মশালায়-১১.২৫ লক্ষ টাকা

  (খ) উদ্ভাবনী উদ্যোগের পাইলটিং বাস্তবায়ন-৬.০০ লক্ষ টাকা

  (গ) উদ্ভাবন প্রদর্শনী (শোকেজিং)-৩.০০ লক্ষ টাকা

  বাজেটের বিস্তারিত বিভাজন আগামী সভায় চূড়ান্ত করা হবে বলে সভায় সিদ্ধান্ত গৃহিত হয়।

- প্রতি দুইমাসে একটি করে সভা অনুষ্ঠানের সিদ্ধান্ত হয়।

৩। আর কোন আলোচ্য বিষয় না থাকায় সকলকে ধন্যবাদ জানিয়ে সভাপতি সভার সমাপ্তি ঘোষণা করেন।

(মোঃ মাহমুদুল হক)
যুগ্মসচিব (প্রশাসন)
ও
চীফ ইনোভেশন অফিসার

পরিশিষ্ট-খ

নং-২১.০০.০০০০.০৫৩.২৯.০২৮.১৬ -৩২৬

তারিখ : ২৫ শ্রাবণ ১৪২৭ / ০৯ আগস্ট ২০২০

বিতরণ: কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

১। জনাব মোঃ মাহমুদুল হক, যুগ্মসচিব, প্রশাসন অধিশাখা,বাস্তবায়ন পরিবীক্ষণও মূল্যায়ন বিভাগ।

২। জনাব মোঃ মাহবুবুর রহমান,পরিচালক(উপসচিব), পরিবীক্ষণওমূল্যায়নসেক্টর-৮,বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ।

৩। জনাব মোঃ আবদুল্লাহ আল-মামুন,পরিচালক(উপসচিব), পরিবীক্ষণওমূল্যায়নসেক্টর-৩,বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ।

৪। জনাব মোঃ সাইফুল ইসলাম, পরিচালক,পরিবীক্ষণ ও মূল্যায়ন সেক্টর-৫,বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ।

৫। সিস্টেম এনালিস্ট, আইসিটি অধিশাখা, বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)

৬। জনাব মোহাম্মদ মোয়াজ্জেম হোসেন, প্রোগ্রামার, সমন্বয় ও এমআইএস সেক্টর, বাস্তবায়নপরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ।

৭। জনাব নাজনীন নাহার, প্রোগ্রামার, আইসিটি অধিশাখা, বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ।

সদয় অবগতির জন্য অনুলিপিঃ

১। সচিব মহোদয়ের একান্ত সচিব, বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ।

২। অফিস কপি।

০৯/০৮/২০২০

(ওয়াহিদা হামিদ)
উপসচিব (প্রশাসন-৩)
ও
সদস্য সচিব ইনোভেশন টিম
ফোন: ৯১৮০৯২৪
E-mail: wahida.hamid@imed.gov.bd

পরিশিষ্ট-খ

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পরিকল্পনা মন্ত্রণালয়
বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ
প্রশাসন-৩ অধিশাখা
শের-ই-বাংলা নগর, ঢাকা-১২০৭
www.imed.gov.bd

নং-২১.০০.০০০০.০৫৩.২৯.০২৮.১৬ – ৬৩৭

তারিখ: ২৫ ভাদ্র ১৪২৭ / ০৯ সেপ্টেম্বর ২০২০

বিষয়: ইনোভেশন টিমের ২০২০-২১ অর্থবছরের ২য় সভার কার্যবিবরণী।

সভাপতি : জনাব মোহাম্মদ আবদুল মান্নান, অতিরিক্ত সচিব

সভার স্থান : আইএমইডি'র সম্মেলন কক্ষ

সভার তারিখ : ০৮ সেপ্টেম্বর, ২০২০;

সময় : সকাল ১১:০০ টায়

সভায় উপস্থিত সদস্যবৃন্দ/কর্মকর্তাগণের নামের তালিকা সংযোজনী 'ক' তে দেখা যেখানো হলো।

০২। সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। স্বাস্থ্যবিধি মেনে সভায় উপস্থিত হবার জন্য সকলকে ধন্যবাদ জানান। ইনোভেশন টিমের সদস্যগণ সভাপতি মহোদয়কে চীফ ইনোভেশন অফিসার দায়িত্ব গ্রহণ করায় অভিনন্দন জানান। সদস্য সচিব ২০-২১ অর্থবছরের কর্মপরিকল্পনা চীফ ইনোভেশন অফিসারকে অবহিত করেন। সভায় বিস্তারিত আলোচনার পর নিম্নবর্ণিত সিদ্ধান্ত গৃহীত হয়।

০৩। আলোচনা ও সিদ্ধান্তসমূহ:

আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নে
১। প্রশিক্ষণঃ সভায় ২৬ জুলাই ২০২০ তারিখে অনুষ্ঠিত সভার সিদ্ধান্ত অনুযায়ী প্রশিক্ষণ কর্মসূচি উপস্থাপন করা হলে তা সর্বসম্মতভাবে গৃহিত হয়। সক্ষমতা বৃদ্ধির জন্য একদিনের উদ্ভাবন ও সেবাসহজীকরণের বিষয়ে কর্মশালা (৪.১) আগামি ০১,০৪,০৫ অক্টোবর ২০২০, উদ্ভাবনের সক্ষমতাবৃদ্ধির লক্ষ্যে দুই দিনের প্রশিক্ষণ (৪.২) এর তিনটি ব্যাচ ১২-১৩ অক্টোবর, ২০২০ ও ১৯-২০ অক্টোবর, ২০২০ এবং ২৭-২৮ অক্টোবর ২০২০; সেবা সহজীকরণের সক্ষমতা বৃদ্ধির জন্য (৪.৩) দুই দিনের প্রশিক্ষণের তিনটি ব্যাচ ৯-১০ নভেম্বর, ২০২০ ও ১৬-১৭ নভেম্বর, ২০২০ এবং ২৩-২৪ নভেম্বর, ২০২০ তারিখে অনুষ্ঠিত হবে বলে সিদ্ধান্ত গৃহীত হয়।	প্রশিক্ষণ কর্মসূচি ও বাজেট সচিব মহোদয় এর অনুমোদন নিয়ে প্রশিক্ষণের সকল প্রক্রিয়া সম্পন্ন করতে হবে।	সদস্য সচিব, ইনোভেশন টিম
২। উদ্ভাবনী উদ্যোগ আহবান ও তথ্য বাতায়নে প্রকাশঃ এ বিভাগের জন্য সেবায় উদ্ভাবনী ধারণা আহবান ও প্রাপ্ত ধারণাসমূহ যাচাই - বাছাই উদ্ভাবনের সক্ষমতা বৃদ্ধির লক্ষ্যে প্রশিক্ষণ চলাকালীন সময়ে করা হবে এবং তা যাচাই-বাছাই করে অক্টোবর ২০২০ এ চূড়ান্ত করতে হবে বলে সভায় সিদ্ধান্ত হয়।	উদ্ভাবনী উদ্যোগের তালিকা চূড়ান্ত করে ২০২০-২১ অর্থ বছরের কর্ম পরিকল্পনা অনুযায়ী তথ্য বাতায়নে ৩ নভেম্বর ২০২০ তারিখে প্রকাশ করা হবে	ইনোভেশন টিম সদস্যগণ

F:\Nayan Office Doc\Innovation 2019-20\Innovation minutes 20-21.docx

পরিশিষ্ট-খ

আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নে
৩। বিবিধঃ উদ্ভাবনী উদ্যোগ বাস্তবায়নে ২০১৯-২০২০ অর্থবছরে "পরিবীক্ষণ টুল বক্স" বিতরণের সিদ্ধান্ত গৃহিত হয়েছিল। কিন্তু মার্চ ২০২০ ও লকডাউনের কারনে বিতরণ সম্ভব হয়নি। এসএমইসিআই প্রকল্পের আওতায় প্রণীত ৫টি ম্যানুয়াল/গাইডলাইন এবং ১টি মনিটরিং এন্ড ইভালুয়েশন পলিসির সফট কপি সম্বলিত সিডি ও ১টি ৩২ জিবি পেন-ড্রাইভ JDPC হতে সংগৃহিত ব্যাগে "পরিবীক্ষণ টুলবক্স" কর্মকর্তাদের মাঝে বিতরণ করা হলে বিশেষ করে নতুন আগত কর্মকর্তাদের প্রকল্প মনিটরিং'র জন্য সহায়ক হবে বলে সভায় সদস্যগণ মত প্রকাশ করেন।	"পরিবীক্ষণ টুল বক্স" বিতরণ আগামী অক্টোবর মাসে প্রথম সপ্তাহের মধ্যে বাস্তবায়ন করা হবে। এই বিষয়ে প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ ও অনুমোদন নিতে হবে।	সদস্য সচিব, ইনোভেশন টিম ও প্রোগ্রামার আইসিটি অধিশাখা, সদস্য
৪। আগামী সভা ডিসেম্বর ২০২০ তারিখে অনুষ্ঠিত হবে।	ডিসেম্বর ২০২০ তারিখে প্রথম সপ্তাহে ৩য় সভার তারিখ নির্ধারণ করে সকলকে অবহিত করা হবে।	সদস্য সচিব, ইনোভেশন টিম

আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষনা করেন।

০১.০৭.২০২০

(মোহাম্মদ আবদুল মান্নান)
অতিরিক্ত সচিব (প্রশাসন)
ও
চীফ ইনোভেশন অফিসার

বিতরণ/কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১। জনাব মোহাম্মদ আবদুল মান্নান, অতিরিক্ত সচিব, প্রশাসন অধিশাখা,বাস্তবায়ন পরিবীক্ষণও মূল্যায়ন বিভাগ।
২। জনাব ওয়াহিদা হাবিব, উপসচিব, প্রশাসন-৩ অধিশাখা, বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ।
৩। জনাব মোঃ মাহবুবুর রহমান, পরিচালক (উপসচিব),পরিবীক্ষণ ও মূল্যায়ন সেক্টর-৮, বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ।
৪। জনাব মোঃ আবদুল্লাহ আল-মামুন, পরিচালক(উপসচিব), পরিবীক্ষণ ও মূল্যায়ন সেক্টর-৬, বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ।
৫। জনাব মোঃ সাইফুল ইসলাম, পরিচালক, পরিবীক্ষণ ও মূল্যায়ন সেক্টর-৫, বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ।
৬। জনাব মোহাম্মদ মোয়াজ্জেম হোসেন, প্রোগ্রামার, সমন্বয় ও এম আই এস সেক্টর, বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ।
৭। জনাব নাজনীন নাহার, প্রোগ্রামার, সমন্বয় ও এম আই এস সেক্টর, বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ।
৮। জনাব মোহাম্মদ রাফিদ শাহরিয়ার, সহকারী প্রোগ্রামার, সমন্বয় ও এম আই এস সেক্টর বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ। (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)

সদয় অবগতির জন্য অনুলিপি :

১। সচিব মহোদয়ের একান্ত সচিব, বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ।
(সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)
২। অফিস কপি।

পরিশিষ্ট-খ

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পরিকল্পনা মন্ত্রণালয়
বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ
প্রশাসন-৩ অধিশাখা
শের-ই-বাংলা নগর, ঢাকা-১২০৭
www.imed.gov.bd



নং-২১.০০.০০০০.০৫৩.২৯.০২৮.১৬ -৩১৮(২)

তারিখ: ০৬ কার্তিক ১৪২৭ / ২২ অক্টোবর ২০২০

ইনোভেশন টিমের ২০২০-২০২১ অর্থবছরের ৩য় সভার কার্যবিবরণী

সভাপতি : জনাব মোহাম্মদ আবদুল মান্নান, অতিরিক্ত সচিব
সভার স্থান : আইএমইডি'র সম্মেলন কক্ষ
সভার তারিখ : ২১ অক্টোবর ২০২০
সময় : সকাল ১১:০০ টায়

সভায় উপস্থিত সদস্যবৃন্দ/ কর্মকর্তাগণের নামের তালিকা : সংযোজনী 'ক'।

০২। সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। স্বাস্থ্য বিধি মেনে সভায় উপস্থিত হওয়ার জন্য তিনি সকলকে ধন্যবাদ জানান। তিনি বলেন বর্তমান করোনা পরিস্থিতি বিবেচনা করে ২০২১ অর্থ বছরে ইনোভেশনের বার্ষিক কর্মপরিকল্পনা, বাজেট এবং কার্যক্রমে কিছুটা পরিবর্তন এসেছে। সচিব মহোদয়ের নির্দেশের প্রেক্ষিতে মন্ত্রিপরিষদ বিভাগের সাথে সামঞ্জস্য রেখে এ খাতে বাজেট বরাদ্দ ২০.২৫ লক্ষ থেকে ১০.০০ লক্ষ টাকা এবং কর্মপরিকল্পনা রিভিউইট করে সক্ষমতা বৃদ্ধির জন্য এক দিনের উদ্ভাবন ও সেবা সহজীকরণের বিষয়ে কর্মশালা (৪.১) বাদ দেওয়া হয়েছে। সভায় নিম্নবর্ণিত বিস্তারিত আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়।

০৩। আলোচনা ও সিদ্ধান্তসমূহ:

আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নে
১। প্রশিক্ষণ সভায় বর্তমান চলমান উদ্ভাবনের সক্ষমতা বৃদ্ধির লক্ষ্যে দুই দিনের প্রশিক্ষণ (৪.২) এর তিনটি ব্যাচ ৫-৬ অক্টোবর, ২০২০ ও ১২-১৩ অক্টোবর, ২০২০ এবং ১৯-২০ অক্টোবর ২০২০ শেষ হওয়ার পর সেবা সহজীকরণের সক্ষমতা বৃদ্ধির জন্য (৪.৩) দুই দিনের প্রশিক্ষণের তিনটি ব্যাচ পরবর্তীতে অনুষ্ঠিত হওয়ার বিষয়ে আলোচনা করা হয়।	সেবা সহজীকরণের সক্ষমতা বৃদ্ধির জন্য (৪.৩) দুই দিনের প্রশিক্ষণের তিনটি ব্যাচ পরবর্তীতে অনুষ্ঠিত হবে মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়। প্রশিক্ষণ কর্মসূচি পরবর্তীতে সকলকে অবহিত করা হবে।	সদস্য সচিব ইনোভেশন টিম
২। উদ্ভাবনী উদ্যোগ আহবান ও তথ্য বাতায়নে প্রকাশ এ বিভাগের জন্য সেরা উদ্ভাবনী ধারণা আহবান ও প্রাপ্ত ধারণাসমূহ যাচাই বাছাই উদ্ভাবনের সক্ষমতা বৃদ্ধির লক্ষ্যে প্রশিক্ষণ চলাকালীন সময়ে করা হবে এবং তা যাচাই বাছাই করে ৩০ অক্টোবর ২০২০ এ চূড়ান্ত করার বিষয়ে আলোচনা হয়।	উদ্ভাবনী উদ্যোগের তালিকা চূড়ান্ত করে ২০২০-২০২১ অর্থ বছরের কর্মপরিকল্পনা অনুযায়ী তথ্য বাতায়নে ৩ নভেম্বর ২০২০ তারিখে প্রকাশ করা হবে।	সদস্য সচিব ও ইনোভেশন টিমের সদস্যগণ
৩। বিবিধ উদ্ভাবনী উদ্যোগ বাস্তবায়নে ২০১৯-২০২০ অর্থ বছরে "পরিবীক্ষণ টুল বক্স" বিতরণের সিদ্ধান্ত গৃহীত হয়েছিল। "পরিবীক্ষণ টুল বক্স" কর্মকর্তাদের মাঝে বিতরণের জন্য RFQ এর মাধ্যমে ৩২ জিবি পেন-ড্রাইভ এবং JDPC হতে ব্যাগ সংগ্রহের বিষয়ে অনুমোদন গ্রহণ প্রক্রিয়া সমাপ্ত হয়েছে। সভায় ব্যাগের ডিজাইন, রঙ ইত্যাদি বিষয়ে সদস্যদের মাঝে আলোচনা হয়।	সকলের সিদ্ধান্তের আলোকে চূড়ান্তকৃত ব্যাগের ডিজাইন অনুযায়ী JDPC হতে ব্যাগ এবং ৩২ জিবি পেন-ড্রাইভ সংগ্রহের জন্য কার্যক্রম সম্পন্ন করা হবে।	সদস্য সচিব ও ইনোভেশন টিমের সদস্যগণ

পরিশিষ্ট-খ

	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নে
৪।	আগামী সভা ডিসেম্বর ২০২০/ জানুয়ারি ২০২১ মাসে অনুষ্ঠিত হতে পারে মর্মে আলোচনা হয়।	পরবর্তীতে সভার তারিখ সকলকে অবহিত করা হবে।	সদস্য সচিব ইনোভেশন টিম

আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

(মোহাম্মদ আবদুল মান্নান)
অতিরিক্ত সচিব (প্রশাসন)
ও
চিফ ইনোভেশন অফিসার

বিতরণ(কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১। জনাব ওয়াহিদা হামিদ, উপসচিব, প্রশাসন-৩ অধিশাখা, বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ।
২। জনাব মোঃ মাহবুবুর রহমান, পরিচালক (উপসচিব),পরিবীক্ষণ ও মূল্যায়ন সেক্টর-৮, বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ।
৩। জনাব মোঃ আবুল্লাহ আল-মামুন, পরিচালক (উপসচিব), পরিবীক্ষণ ও মূল্যায়ন সেক্টর-৬, বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ।
৪। জনাব মোঃ সাইফুল ইসলাম, পরিচালক, পরিবীক্ষণ ও মূল্যায়ন সেক্টর-৫, বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ।
৫। জনাব মোহাম্মদ মোয়াজ্জেম হোসেন, প্রোগ্রামার, সমন্বয় ও এম আই এস সেক্টর, বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ।
৬। জনাব নাজনীন নাহার, প্রোগ্রামার, সমন্বয় ও এম আই এস সেক্টর, বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ।
৭। জনাব মোহাম্মদ রাফিদ শাহরিয়ার, সহকারী প্রোগ্রামার, সমন্বয় ও এম আই এস সেক্টর বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ। (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)

সদয় অবগতির জন্য অনুলিপি :

১। সচিব মহোদয়ের একান্ত সচিব, বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
২। অফিস কপি।

পরিশিষ্ট-খ

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পরিকল্পনা মন্ত্রণালয়
বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ
প্রশাসন-৩ অধিশাখা
শের-ই-বাংলা নগর, ঢাকা-১২০৭
www.imed.gov.bd

নং-২১.০০.০০০০.০৫৩.২৯.০২৮.১৬ – ৩৭

তারিখ: ১০ মাঘ ১৪২৭ / ২৪ জানুয়ারি ২০২১

ইনোভেশন টিমের ২০২০-২০২১ অর্থবছরের ৪র্থ সভার কার্যবিবরণী

সভাপতি	:	ড. গাজী মোঃ সাইফুজ্জামান, অতিরিক্ত সচিব
সভার স্থান	:	আইএমইডি'র সম্মেলন কক্ষ
সভার তারিখ	:	১৯ জানুয়ারি ২০২১
সময়	:	বিকাল ৩:০০ টায়

সভায় উপস্থিত সদস্যবৃন্দ/ কর্মকর্তাগণের নামের তালিকা: সংযোজনী 'ক'।

০২। সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। স্বাস্থ্য বিধি মেনে সভায় উপস্থিত হওয়ার জন্য তিনি সকলকে ধন্যবাদ জানান। ইনোভেশন টিমের সদস্যগণ সভাপতি মহোদয়কে চিফ ইনোভেশন অফিসারের দায়িত্ব গ্রহণ করায় অভিনন্দন জানান। সভাপতি সদস্য সচিবকে ইনোভেশনের কার্যক্রম সম্পর্কে অবহিতকরণের জন্য অনুরোধ করেন। সদস্য সচিব বলেন যে, বর্তমান করোনা পরিস্থিতি বিবেচনা করে ২০২০-২০২১ অর্থ বছরে ইনোভেশনের বার্ষিক কর্মপরিকল্পনা, বাজেট এবং কার্যক্রমের কিছুটা পরিবর্তন এসেছে। সচিব মহোদয়ের নির্দেশের পরিপ্রেক্ষিতে মন্ত্রিপরিষদ বিভাগের সাথে সামঞ্জস্য রেখে এ কোডে বাজেট বরাদ্দ ২০.২৫ লক্ষ থেকে ১০.০০ লক্ষ টাকা এবং কর্মপরিকল্পনা রিভিজিট করা হয়েছে এবং বিষয়টি ২৩ সেপ্টেম্বর ২০২০ তারিখে পত্রের মাধ্যমে মন্ত্রিপরিষদ বিভাগকে অবহিত করা হয়েছে। সভায় নিম্নবর্ণিত বিস্তারিত আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়।

০৩। আলোচনা ও সিদ্ধান্তসমূহ:

আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নে
১। প্রশিক্ষণ সেবা সহজীকরণের সক্ষমতা বৃদ্ধির জন্য (৪.৩) দুই দিনের প্রশিক্ষণের তিনটি ব্যাচ মার্চ/২০২১ মাসে অনুষ্ঠিত হওয়ার বিষয়ে আলোচনা হয়।	আগামী মার্চ/২০২১ মাসে তিনটি ব্যাচের প্রশিক্ষণ অনুষ্ঠিত হবে।	সদস্য সচিব ইনোভেশন টিম
২। উদ্ভাবনী উদ্যোগ আহবান ও তথ্য বাতায়নে প্রকাশ সদস্য সচিব ২০২০-২০২১ অর্থ বছরে এ বিভাগের জন্য প্রাপ্ত উদ্ভাবনী ধারণাসমূহ সভাকে অবহিত করেন যে নিম্নরূপ: ১. Citizen Centric Procurement Information ২. জাতীয় সংসদে আইএমইডির তথ্য প্রেরণ ৩. কাস্টমাইজড সফটওয়্যার প্রণয়নের মাধ্যমে সমন্বিত তথ্য ব্যবস্থা প্রবর্তন ৪. PMIS এর মাধ্যমে IMED'র কার্যক্রম সহজীকরণ ৫. Monthly ADP Implementation Report ৬ Details Procurement Information in PCR (Project Compilation Report) Section-8.1 ৭. আইএমইডি'র পরিদর্শন প্রতিবেদনের পর্যবেক্ষণের ও সুপারিশের ফিডব্যাক প্রদান ৮. PCR Evaluation Digitizing and Improvement Project	আর কোন কোন উদ্ভাবনী ধারণা বাস্তবায়ন করা হবে সে বিষয়ে আগামী সভায় সকলে সুচিন্তিত মতামত দিবেন।	সদস্য সচিব ও ইনোভেশন টিমের সদস্যগণ

F:\Nayan Office Doc\Inovation 2020-21\Inovation minutes 20-21.docx

পরিশিষ্ট-খ

আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নে
৯. ADP Progress Analysis ১০. স্বচ্ছতা ও জবাবদিহিতার জন্য সভার ধারাবাহিক তথ্য সন্নিবেশকরণ ১১. Modification of Existing PCR ১২. Firm selection for In-depth Monitoring & Impact Evaluation ১৩. বৈশ্বিক মহামারী কোভিড-১৯ এর সংক্রমণ মোকাবেলায় কার্যালয়ে স্বাস্থ্য বিধি মেনে চলার জন্য সচেতনতা বৃদ্ধি। উদ্ভাবনী উদ্যোগের তালিকা চূড়ান্ত করে ২০২০-২০২১ অর্থ বছরের কর্ম পরিকল্পনা অনুযায়ী তথ্য বাতায়নে ৩ নভেম্বর ২০২০ তারিখে প্রকাশ করা হয়েছে। "বৈশ্বিক মহামারী কোভিড-১৯ এর সংক্রমণ মোকাবেলায় কার্যালয়ে স্বাস্থ্য বিধি মেনে চলার জন্য সচেতনতা বৃদ্ধি।" এর ধারণাটি নির্ধারিত তারিখে বাস্তবায়িত হয়েছে।		
